

৩৫৫৫৫৫ ৩০৩৫

তারিখ ... 5 AUG. 1951 ...
পৃষ্ঠা ... ৮ ... কলাম ... ৪ ...

৬

18

এসএসসি পরীক্ষায় অবজেকটিভ প্রশ্ন

বিক্ষুব্ধ ছাত্ররা নগরীতে ১৩টি গাড়ি ভেঙেছে ১৭জন গ্রেফতার

কাগজ প্রতিবেদক : শিক্ষা কারিকুলাম থেকে এসএসসি পরীক্ষায় অবজেকটিভ ধরনের প্রশ্নপত্র বাতিল করার দাবিতে গতকাল বুধবার বিক্ষোভরত স্কুল-ছাত্ররা নগরীর বিভিন্ন এলাকায় ১৩টি গাড়ি ভাঙচুর করেছে। ঘটনায় প্রায় ১৭ জনকে গ্রেপ্তার করা হয়েছে। গ্রেপ্তারকৃতদের সকলেই ছাত্র বলে পুলিশ জানিয়েছে।
উল্লেখ্য, মাধ্যমিক পরীক্ষায় এবার থেকে নতুন কারিকুলাম চালু হতে যাচ্ছে। এতে অবজেকটিভ ধরনের প্রশ্নপত্র প্রবর্তন করা হবে। আর এর বিরুদ্ধেই নবম ও দশম শ্রেণীর ছাত্রসহ মহানগরীর বেশ ক'টি স্কুলের ছাত্ররা দল বেঁধে ক'দিন ধরে বিভিন্ন সড়কে ও প্রেসক্লাবের সামনে বিক্ষোভ করছে। নতুন প্রশ্ন পদ্ধতি বাতিলের দাবি করে সরকারের দৃষ্টি আকর্ষণের জন্যে গতকাল রাজধানীতে গাড়ি ভাঙচুর, মিছিল, প্রেসক্লাবের সামনের রাস্তা অবরোধ, পুলিশের সঙ্গে ছাত্রদের ধাওয়া পাল্টা ধাওয়ার ঘটনা সারাদিনই চলেছে।

গতকাল দুপুর দেড়টায় ছাত্রদের একটি মিছিল মিরপুর রোড থেকে

সায়েন্স ল্যাবরেটরী হয়ে নিউ এলিফ্যান্ট রোড দিয়ে যাবার সময় উদ্ভেজিত ছাত্ররা ১টি প্রাইভেট কার (ঢাকা মেট্রো ক-০২-১৬৩৩) ও ২টি পিকআপ (জাস-৬৩-৪৭২৯ ও ঢাকা ন- ৪৭৪০) ভাঙচুর করে।

এ সময় কর্তব্যরত পুলিশ ১৭ জন ছাত্রকে গ্রেফতার করে। তাদেরকে ধানমন্ডি থানায় আটক রাখা হয়েছে।

মতিঝিল বাণিজ্যিক এলাকায় বেলা আড়াইটায় ৪/৫শ' ছাত্রের একটি মিছিল ১টি ট্রাক (ঢাকা মেট্রো ন- ৯৮২২), ১টি মিনিবাস (ঢাকা মেট্রো- ৮-০৬-১০০৩), ১টি মাইক্রোবাস (ঢাকা-জ-৪৯৯৩), ১টি জীপ (ঢাকা-ঘ-০২-০৭৯৩), ১টি স্টাফ বাস (ঢাকা-৮-৩৯১৫) ও ১টি প্রাইভেট কার (ঢাকা গ-৯৭৯০) ভাঙচুর করে। এ ঘটনায় মতিঝিল পুলিশ কাউকে গ্রেফতার করেনি বলে জানায়।

এ ছাড়াও ফার্মগেট এলাকায় ৪টি মিনিবাস (ঢাকা-৮-৪৬৬১, ৫৪৬৬, ৩৮৭৫, ৫৪২১) ভাঙচুর হয়েছে বলে প্রত্যক্ষদর্শীরা জানান। দুপুর সাড়ে ১২ টায় এ ঘটনা ঘটেছে বলে জানা গেছে।